গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১০.৩২.০০৪৬.২৬.৮২০

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩
১৬ আগস্ট ২০২৬

বিষয়: **রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফিশারীজ অনুষদভুক্ত ফিশারীজ বিভাগে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে পিএইচ.ডি কোর্সে ভর্তির অনুমতির আবেদন নামঞ্জুর প্রসঙ্গে।**

সূত্র: জনাব মোছা. সুফিয়া আকতার, আইডি নং- ০০০২৪৭৪৯, সহকারী অধ্যাপক (প্রাণিবিদ্যা), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী এর আবেদনের প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তা তাঁর নামের পার্শ্বে বর্ণিত বিশ্ববিদ্যালয় ও কোর্সে ভর্তির জন্য আবেদন করেছেন।

| ক্রম | নাম, পদবি ও কর্মস্থল | কোর্সের নাম, বিশ্ববিদ্যালয় ও শিক্ষাবর্ষ |
|---|---|---|
| ১. | জনাব মোছা: সুফিয়া আকতার<br>আইডি নং- ০০০২৪৭৪৯<br>সহকারী অধ্যাপক (প্রাণিবিদ্যা)<br>সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী | পিএইচ.ডি<br>ফিশারীজ অনুষদভুক্ত ফিশারীজ বিভাগ<br>রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী<br>শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬ |

আবেদনকারী ০৯/০৮/২০২৬ খ্রি. রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে পিএইচ.ডি কোর্সে ভর্তি ও প্রেষণ মঞ্জুরের জন্য আবেদনপত্র দাখিল করেছেন। দাখিলকৃত কাগজপত্রে দেখা যায়, তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে গত ১৬/০৪/২০২৫ তারিখে প্রকাশিত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের এম.ফিল ও পিএইচ.ডি কোর্সের ভর্তির বিজ্ঞপ্তির মোতাবেক আবেদন করেন এবং ভর্তি পরীক্ষা অংশগ্রহণ করে ফিশারীজ অনুষদভুক্ত বিভাগে পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য নির্বাচিত হন। উক্ত কোর্সে ভর্তির সবশেষ তারিখ ছিল ২৯/০১/২০২৬ এবং সে অনুযায়ী তিনি ভর্তি হয়েছেন। **উল্লেখ্য, তাঁর দাখিলকৃত কাগজপত্রের মধ্যে পিএইচ.ডি কোর্সে ভর্তির অনুমতি ও প্রেষণ মঞ্জুর সংক্রান্ত কোন আদেশ পাওয়া যায়নি।**

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৯.৩১.০১২.১৪.৭৬৬; তারিখ: ০১ জুন ২০১৪ খ্রি. এর নির্দেশনা অনুযায়ী ভূতাপেক্ষ ভর্তির অনুমতির আবেদনটি নামঞ্জুর করা হলো।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

১৬-০৮-২০২৬
সামিনা সুলতানা
সহকারী পরিচালক-৩
ফোন : ০২-৪১০৫০৬১৮
ইমেইল : dir-training@dshe.gov.bd

জনাব মোছা. সুফিয়া আকতার, আইডি নং- ০০০২৪৭৪৯
সহকারী অধ্যাপক (প্রাণিবিদ্যা), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী।

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১০.৩২.০০৪৬.২৬.৮২০/১ (৫)

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩
১৬ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (কলেজ ও প্রশাসন/প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৩। অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী।
৪। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৫। সংরক্ষণ নথি।

১৬-০৮-২০২৬
সামিনা সুলতানা
সহকারী পরিচালক-৩